DAWAHILALLAH | 1441 | 2020 | ISSUE-2

DAWAHILALLAH

সত্যের আলো ছড়িয়ে দেওয়াই আমাদের উদ্দেশ্য

দাওয়াহ ইলাল্লাহ

AL-FIRDAWS
আল-ফিরদাউস

DAWAHILALLAH | 1441 | 2020 | ISSUE-2
দাওয়াহ ইলাল্লাহ

সূচী

সকল প্রশংসা সেই রব্বুল আলামিনের জন্য যিনি আমাদেরকে ইসলামের মতো পরিপূর্ণ এক দ্বীন তথা জীবন বিধান দান করেছেন। লক্ষ-কোটি দুরুদ ও সালাম সেই নবীউস-সাইফ, নবীউল মালাহিম মুহাম্মাদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর; যিনি আপন দেহ মোবারকের পবিত্র খুন ঝরিয়ে এই দ্বীনকে ধরণীতে প্রতিষ্ঠিত করে গেছেন।

প্রিয় পাঠক!

দীর্ঘ কালের মানব রচিত তাগুতী শাসন ব্যবস্থার যাতাকলে পিষ্ট হয়ে মুসলমানরা আজ তাদের হাজার বছরেরও অধিককালের অর্ধ পৃথিবীব্যাপী কুরআন-সুন্নাহ ভিত্তিক খেলাফত পরিচালনার সোনালী ইতিহাস ভুলতে বসেছে।

কালের আর্তে যখন থেকে মুসলমানদের তরবারীতে জং ধরতে শুরু করেছে আখেরাতের পরিবর্তে দুনিয়ার ভোগ বিলাসের প্রতি ঝুঁকতে শুরু করেছে, অলসতায় গা ভাসিয়ে দিয়েছে, শত্রুদের থেকে অসতর্ক হয়ে গেছে। সেই সুযোগে কুফফার শক্তিরা পূর্ণ শক্তি নিয়ে মুসলমান ও তাদের সম্ভ্রম এবং ভূখণ্ডের উপর ক্ষুধার্ত নেকড়ের মত ঝাঁপিয়ে পড়েছে। তারা একের পর এক মুসলিম ভূখণ্ডে দখলদারীত্ব ও মানব রচিত কুফরী বিধান প্রতিষ্ঠিত করেছে। এক পর্যায়ে তাদের কুফরী শাসন ব্যবস্থা পাকা-পোক্ত করতে মুসলিম স্বজাতীয় কিছু গাদ্দার ও পথভ্রষ্ট আলেম উলামাকে পদ-পদবী ও স্বার্থের বিনিময়ে ক্রয় করে নিল।

এ ব্যাপারে তারা যথেষ্ট সচেতন যে, তাদের অবৈধ ভোগ বিলাস, জুলুম-অত্যাচার ও প্রভুত্বের রাজত্ব কায়েম রাখতে কি করতে হবে। তাই তারা মুসলমানদের গৌরবময় সোনালী ইতিহাসকে ভুলিয়ে দেওয়ার কর্মসূচি ও জিহাদের তামান্নাকে স্তিমিত করে দেওয়ার নানাবিধ কলাকৌশল এবং ধর্ম পালনকে ব্যক্তি জীবনের কিছু আচার অনুষ্ঠানে সীমাবদ্ধ করে দেওয়া যাবতীয় পথ ও পদ্ধতি প্রয়োগ করল।

কারণ তারা ভাল করে জানে যে, মুসলমানরা যদি তাদের গৌরবময় শৌর্য-বীর্যের সোনালী ইতিহাস জানতে পারে এবং খেলাফতিভাবে দ্বীন প্রতিষ্ঠার গুরুত্ব উপলব্ধি করতে পারে এবং এর জন্যে জিহাদে ঝাঁপিয়ে পড়ে। তবে তাদের শাসন ব্যবস্থার মুলোৎপাটন হতে বাধ্য।

এজন্য তারা এবং তাদের সাঙ্গ-পাঙ্গরা মিলে জিহাদ ও মুজাহিদদের বিরুদ্ধে নানা ধরণের অপকৌশল, মিথ্যা প্রচার, প্রচারণা, প্রপাগান্ডা চালিয়ে মুসলমানদেরকে বিভ্রান্ত করে জিহাদ হতে সরিয়ে রাখতে চায় উপরন্তু মুজাহিদদের বিরুদ্ধে ক্ষিপ্ত করে দিতে চায়।

বক্ষমান ম্যাগাজিনটি তারা এবং তাদের সাঙ্গ-পাঙ্গদের রোপিত মাগাজী বিষয়ক ভ্রান্তিগুলো চিহ্নিত করে কুরআন-সুন্নাহর, ফিকহ, ইতিহাস, বাস্তবতা ও যুক্তির আলোকে নিরসন করার চেষ্টা করেছি এবং যাদের শরীর থেকে দ্বীগ্বিজয়ী বীর মুজাহীদদের খুন এখনও শুকিয়ে যায়নি সেসব ঘুমন্ত সিংহ শাবকগুলোকে জাগিয়ে তোলার চেষ্টাও করেছি।

এটি লিখতে যে সব ভাইদের সহযোগীতা পেয়েছি তাদের প্রতি আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ।

পরিশেষে আল্লাহ (সুব:) এর নিকট আবেদন এই যে, তিনি যেন এই কিতাবটিকে তাঁর দ্বীনের জন্য কবুল করেন। উপরন্তু আমাকে ও আমার পরিবারদেরকে এবং সকল মুসলমানদের জন্য নাজাতের উসিলা করেন। আমীন।

ইসলাম প্রচারে তরবারীর ভূমিকা পর্ব-২

আদনান মারুফ

অনেকেই প্রশ্ন করেন, ইসলাম প্রচারের জন্য জিহাদের কি প্রয়োজন? কাফেরদের দাওয়াত দিলে এবং তাদের সাথে উত্তম আচরণ করলেই তো তারা মুসলমান হয়ে যাবে। শুধু শুধু যুদ্ধ-বিগ্রহ ও মারামারি-কাটাকাটির কি প্রয়োজন? কিন্তু বাস্তবতা এর সম্পূর্ণ বিপরীত।

কেননা মানুষ শুধু হককে না চেনা, সত্য ধর্মকে উপলব্ধি করতে না পারা এ কারণেই সত্যগ্রহণে অস্বীকৃতি জানায় বিষয়টা মোটেও এমন নয়, বরং বেশিরভাগ লোকই সত্যকে বুঝার পরেও নানা প্রতিবন্ধকতা ও পারিপার্শ্বিক কারণে সত্যধর্ম গ্রহণ করে না। তাই কাফেরদের যতই দাওয়াত দেওয়া হোক, তাদের সাথে যতই উত্তম আচরণ করা হোক এবং ইসলামের সত্যতা তাদের সামনে যত উজ্জ্বল করেই তুলে ধরা হোক, এর দ্বারা খুব কম সংখ্যক লোকই ইসলাম গ্রহণ করবে। কুরআন থেকে এ বিষয়টা সুস্পষ্টরূপে বুঝে আসে।

পুরো কুরআনে একবার সাধারণভাবে নজর বুলিয়ে যে কেউ বুঝতে পারবে, প্রধাণত তিন কারণে মানুষ সত্য ধর্মগ্রহণে অস্বীকৃতি জানায়,

১. বাপদাদার অন্ধ অনুসরণ। আল্লাহ তায়ালা বলেন,

وَكَذَٰلِكَ مَا أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ فِي قَرْيَةٍ مِنْ نَذِيرٍ إِلَّا قَالَ مُتْرَفُوهَا إِنَّا وَجَدْنَا آبَاءَنَا عَلَىٰ أُمَّةٍ وَإِنَّا عَلَىٰ آثَارِهِمْ مُقْتَدُونَ (سورة الزخرف : 23) -

(হে রাসূল) আমি তোমার পূর্বে যখনই কোন জনপদে কোন সতর্ককারী (রাসূল) পাঠিয়েছি, তখন সেখানকার বিত্তবানেরা একথাই বলেছে যে, আমরা আমাদের বাপ-দাদাদেরকে একটা মতাদর্শের অনুসারী পেয়েছি। আমরা তাদেরই পদচিহ্ন অনুসরণ করে চলছি। -সূরা যুখরুফ, ২৩

২. সত্যধর্ম গ্রহণ করার ক্ষেত্রে অহংকার ও জাত্যভিমান। প্রত্যেক জাতি সাধারণত নিজেদেরকে অন্য জাতির চেয়ে উত্তম মনে করে, এমনকি যদি তাদের শ্রেষ্ঠত্বের তেমন কোন কারণ না থাকে তথাপিও। (যেমন বর্তমান কাঙ্গাল বাঙ্গালীরা দূর্নীতিতে বিশ্বচ্যাম্পিয়ান হওয়ার পাশাপাশি বিজ্ঞান ও প্রযুক্তিতে এতটাই অনুন্নত যে, কোন ধরণের মেশিনারি উৎপাদনের সক্ষমতা তাদের নেই। এমনকি সামান্য কেঁচিটাও চীন-পাকিস্তান থেকে আমদানি করতে হয়। তা সত্ত্বেও তারা দিনরাত বাঙ্গালী হওয়ার কারণে নিজেদের বন্দনা গাইতে থাকে।) আর যদি এর সাথে তাদের কিছুটা শক্তি-সামর্থ্যও থাকে তবে তো তারা ধরাকে সরা জ্ঞান করে। অন্য কোন জাতির ধর্ম, বিশেষত যদি সেই ধর্মের অনুসারীরা দুর্বল হয় তবে তা গ্রহণ করা দূরে থাক- তাদের পাত্তাই দিতে চায় না। তাই তাদের নিকট সত্যধর্ম গ্রহণের প্রস্তাব

দেওয়া হলে এবং তারা তা সত্য বলে উপলব্ধি করতে পারলেও মেনে নিতে অস্বীকার করে। এর প্রকৃষ্ট উদাহরণ হলো ইহুদীরা, যাদের ব্যাপারে আল্লাহ তায়ালা বলেছেন,

الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَهُ كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ (146) ـ

"যাদেরকে আমি কিতাব দিয়েছি তারা তাকে (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে) এতটা ভালোভাবে চেনে যেমন চেনে নিজেদের সন্তানদেরকে।" -সুরা বাকারা, ১৪৬

ফেরআউন ও তার জাতি মূসা আলাইহিস সালামকে সত্য নবী বলে বিশ্বাস করতো। কিন্তু অহংকারের কারণে তারা মুসার আনিত ধর্ম গ্রহণ করেনি। কুরআন তাদের ব্যাপারে বলেছে,

وَجَحَدُوا بِهَا وَاسْتَيْقَنَتْهَا أَنْفُسُهُمْ ظُلْمًا وَعُلُوًّا (سورة النمل : 14) ـ

"তারা সীমালঙ্ঘন ও অহমিকা বশত তা সব অস্বীকার করলো, যদিও তাদের অন্তর সেগুলো (সত্য বলে) বিশ্বাস করে নিয়েছিলো।" -সূরা নামল, ১৪

মক্কার কাফেররা ইসলামের সত্যতা উপলব্ধি করা সত্ত্বেও কেবলমাত্র অহংকার ও হঠকারিতা বশতই নবীজির দাওয়াতকে প্রত্যাখ্যান করেছিল। আল্লাহ তায়ালা তাদের সম্পর্কে ইরশাদ করেছেন,

بَلِ الَّذِينَ كَفَرُوا فِي عِزَّةٍ وَشِقَاقٍ

"যারা কুফর অবলম্বন করেছে, তারা কেবল এ কারণেই তা অবলম্বন করেছে যে, তারা আত্মম্ভরিতা ও হঠকারিতায় লিপ্ত রয়েছে।" (সূরা সোয়াদ, ২ আয়াতের তরজমার জন্য দেখুন, তাওযীহুল কুরআন, ৩/১৮৬)

আয়াতের তাফসীরে ইমাম আলূসী রহ. বলেন,

وجعلها -يعني كلمة (بل) - بعضُهم للإضراب عما يُفهم مما ذُكر ونحوِه، مِن أن مَن كفر لم يكفر لخلل فيه، فكأنه قيل: من كفر لم يكفر لخلل فيه، بل كفر تكبرا عن اتباع الحق وعنادا، وهو أظهر من جعل ذلك إضرابا عن صريحه .... ويمكن أن يكون الجواب الذي عنه الإضراب: ما أنت بمقصر في تذكير الذين كفروا وإظهار الحق لهم، ويشعر به الآيات بعد وسبب النزول الآتي ذكره إن شاء الله تعالى، فكأنه قيل: "ص والقرآن ذي الذكر، ما أنت بمقصر في تذكير الذين كفروا وإظهار الحق لهم، بل الذين كفروا مقصرون في اتباعك والاعتراف بالحق" .... والمراد بالعزة ما يظهرونه من الاستكبار عن الحق.(روح المعاني 12/156)ـ

সংক্ষেপে এর সারমর্ম হলো, "কাফেররা ইসলামগ্রহণ না করার কারণ এটা নয় যে, কুরআনের মাঝে কোন ত্রুটি রয়েছে, কিংবা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে দাওয়াত দেওয়া এবং তাদের নিকট সত্যকে স্পষ্ট করার ক্ষেত্রে কোন কমতি করেছেন, বরং তারা অহংকারের কারণে সত্যকে বুঝেও গ্রহণ করছে না।" -রুহুল মাআনী, ১২/১৫৭

তেমনিভাবে কুরআন থেকে আমরা জানতে পারি, প্রত্যেক নবীর দাওয়াতের বিরোধীতা নেতৃস্থানীয় অহংকারী লোকেরাই করেছে, তারা নবীদের দাওয়াতকে নিচুশ্রেণীর লোকদের দাওয়াত বলে প্রত্যাখ্যান করেছে, নিচের আয়াতগুলো লক্ষ্য করুন।

وَقَالُوا لَوْلَا نُزِّلَ هَذَا الْقُرْآنُ عَلَى رَجُلٍ مِنَ الْقَرْيَتَيْنِ عَظِيمٍ (31سورة الزخرف) ـ

"তারা বললো, এ কুরআন দুই জনপদের কোন বড় ব্যক্তির উপর নাযিল করা হল না কেন? ('দুই জনপদ' দ্বারা 'মক্কা মুকাররামা' ও 'তায়েফ' বোঝানো হয়েছে। এতদঞ্চলে এ দু'টিই ছিল বড় শহর। তাই মুশরিকরা বললো, এ দুই শহরের কোন বিত্তবান সর্দারের উপরই কুরআন নাযিল হওয়া উচিত ছিল। (দেখুন, সূরা যুখরুফ, ৩১ তাওযীহুল কুরআন, ৩/২৯৬ আরো দেখুন, সূরা সদ, ৮)

قَالَ الْمَلَأُ الَّذِينَ اسْتَكْبَرُوا مِنْ قَوْمِهِ لِلَّذِينَ اسْتُضْعِفُوا لِمَنْ آمَنَ مِنْهُمْ أَتَعْلَمُونَ أَنَّ صَالِحًا مُرْسَلٌ مِنْ رَبِّهِ قَالُوا إِنَّا بِمَا أُرْسِلَ بِهِ مُؤْمِنُونَ (75) قَالَ الَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا بِالَّذِي آمَنْتُمْ بِهِ كَافِرُونَ (سورة الأعراف : 76) ـ

"তার সম্প্রদায়ের দাম্ভিক নেতৃবর্গ, যে সকল দুর্বল লোক ইমান এনেছিল, তাদেরকে জিজ্ঞেস করলো, তোমরা কি এটা বিশ্বাস করো যে, সালিহ নিজ প্রতিপালকের পক্ষ হতে প্রেরিত রাসূল? তারা বললো, নিশ্চয়ই আমরা তো তাঁর মাধ্যমে প্রেরিত বাণীতে ইমান রাখি। সেই দাম্ভিক লোকেরা বললো, তোমরা যে বাণীতে ইমান এনেছো আমরা তো তা প্রত্যাখ্যান করি।" -সূরা আ'রাফ, ৭৬

قَالَ الْمَلَأُ الَّذِينَ اسْتَكْبَرُوا مِنْ قَوْمِهِ لَنُخْرِجَنَّكَ يَاشُعَيْبُ وَالَّذِينَ آمَنُوا مَعَكَ مِنْ قَرْيَتِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا قَالَ أَوَلَوْ كُنَّا كَارِهِينَ (سورة الأعراف : 88)ـ

"তার সম্প্রদায়ের দাম্ভিক সর্দারগণ বললো, হে শুয়াইব! আমরা পাকাপাকিভাবে ইচ্ছা করেছি, তোমাকে ও তোমার সাথে যারা ইমান এনেছে তাদের সকলকে আমাদের জনপদ থেকে বের করে দেব, অন্যথায় তোমাদের সকলকে আমাদের দ্বীনে ফিরে আসতে হবে। শুয়াইব বললো, আমরা যদি (তোমাদের দ্বীনকে) ঘৃণা করি তবুও কি?"-সূরা আরাফ, ৮৮

فَقَالَ الْمَلَأُ الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِهِ مَا نَرَاكَ إِلَّا بَشَرًا مِثْلَنَا وَمَا نَرَاكَ اتَّبَعَكَ إِلَّا الَّذِينَ هُمْ أَرَاذِلُنَا بَادِيَ الرَّأْيِ وَمَا نَرَى لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍ بَلْ نَظُنُّكُمْ كَاذِبِينَ (سورة هود 27)ـ

"তার সম্প্রদায়ের যারা কুফর অবলম্বন করেছিলো, তারা বলতে লাগলো, আমরা তো তোমাকে আমাদের মতই মানুষ দেখছি, এর বেশি কিছু নয়। আমরা আরও দেখছি তোমার অনুসরণ করছে কেবল সেই সব লোক, যারা আমাদের মধ্যে সর্বাপেক্ষা গুরুত্বহীন, এবং তাও ভাসা-ভাসা চিন্তার ভিত্তিতে এবং আমরা তোমার মাঝে এমন কিছু দেখতেছি না, যার কারণে আমাদের উপর তোমার কিছু শ্রেষ্ঠত্ব অর্জিত হবে। বরং আমাদের ধারণা তোমরা সকলে মিথ্যাবাদী।" -সূরা হুদ, ২৭

অহংকার সত্যধর্ম গ্রহণের ক্ষেত্রে অন্যতম অন্তরায় হওয়ার ব্যাপারে কুরআনে শত শত আয়াত রয়েছে। যারা কিছুটা হলেও কুরআন অধ্যয়ন করেন তাদের নিকট বিষয়টা অস্পষ্ট থাকার কথা নয়। তাই এ বিষয়ে আর উদ্ধৃতি বাড়িয়ে প্রবন্ধ দীর্ঘ করতে চাচ্ছি না।

৩. রাজা-বাদশাহ ও নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের অনুসরণ। মানুষ সাধারণভাবেই রাজা-বাদশাহদের অনুসরণ করে, বিজয়ী জাতি ও প্রভাবশালী লোকদের কথা অনুযায়ী চলে। তেমনিভাবে রাজা-বাদশাহ ও শক্তিশালী জাতিবর্গও অধীনস্ত ও দুর্বলদের কৌশলে ও চাপপ্রয়োগ করে তাদের ধর্মের অনুসারী বানিয়ে রাখে, এ ব্যাপারে অনেক আয়াত ও হাদিস রয়েছে, উদাহরণস্বরূপ দুয়েকটি উল্লেখ করছি। আল্লাহ তায়ালা বলেন,

وَبَرَزُوا لِلَّهِ جَمِيعًا فَقَالَ الضُّعَفَاءُ لِلَّذِينَ اسْتَكْبَرُوا إِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ أَنْتُمْ مُغْنُونَ عَنَّا مِنْ عَذَابِ اللَّهِ مِنْ شَيْءٍ. (سورة إبراهيم : 21).

"সমস্ত মানুষ আল্লাহর সামনে উপস্থিত হবে। যারা (দুনিয়ায়) দুর্বল ছিল, তারা বড়ত্ব প্রদর্শনকারীদেরকে বলবে, আমরা তো তোমাদেরই অনুগামী ছিলাম। এখন কি তোমরা আমাদেরকে আল্লাহর আযাব থেকে একটু বাঁচাবে?" -সূরা ইবরাহীম, ২১

কিয়ামতের দিন কাফেররা বলবে,

رَبَّنَا إِنَّا أَطَعْنَا سَادَتَنَا وَكُبَرَاءَنَا فَأَضَلُّونَا السَّبِيلَا (سورة الأحزاب : 67).

'হে আমাদের প্রতিপালক! প্রকৃতপক্ষে আমরা আমাদের নেতৃবর্গ ও আমাদের গুরুজনদের আনুগত্য করেছিলাম, তারাই আমাদেরকে সঠিক পথ থেকে বিচ্যুত করেছে। ফলে তারা আমাদের পথভ্রষ্ট করেছে। -সূরা আহযাব, আয়াত: ৬৭ (আরো দেখুন, সূরা গাফির, ৪৭)

অন্যত্র মহান আল্লাহ বলেন-

وَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ يَتَسَاءَلُونَ قَالُوا إِنَّكُمْ كُنْتُمْ تَأْتُونَنَا عَنِ الْيَمِينِ (سورة الصافات : 27 - 28).

তারা একে অন্যের অভিমুখী হয়ে পরস্পরে সওয়াল-জওয়াব করবে। (অধিনস্তরা তাদের নেতৃবর্গকে) বলবে, তোমরাই তো অত্যন্ত শক্তিমানরূপে আমাদের কাছে আসতে। (অর্থাৎ আমাদের উপর চাপ সৃষ্টি করতে যেন আমরা কিছুতেই ইমান না আনি। (সুরা সাফফাত, ২৭-২৮ তাওযীহুল কুরআন, আল্লামা তাকী উসমানী ৩/১৬১-১৬২)

আল্লাহ তায়ালা আরো ইরশাদ করেন,

وَلَوْ تَرَى إِذِ الظَّالِمُونَ مَوْقُوفُونَ عِنْدَ رَبِّهِمْ يَرْجِعُ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ الْقَوْلَ يَقُولُ الَّذِينَ اسْتُضْعِفُوا لِلَّذِينَ اسْتَكْبَرُوا لَوْلَا أَنْتُمْ لَكُنَّا مُؤْمِنِينَ (سورة سبأ 31).

"তুমি যদি সেই সময়ের দৃশ্য দেখতে যখন যালেমদেরকে তাদের প্রতিপালকের সামনে দাঁড় করানো হবে আর তারা একে অন্যের কথা রদ করবে। (দুনিয়ায়) যাদেরকে দুর্বল মনে করা হয়েছিল তারা ক্ষমতা-দর্পীদেরকে বলবে, তোমরা না হলে আমরা অবশ্যই মুমিন হয়ে যেতাম।" –সূরা সাবা, ৩১

এ মর্মে কয়েকটি হাদীস রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কায়সারের নিকট প্রেরিত দাওয়াতি পত্রে লিখেন,

أسلم تسلم، يؤتك الله أجرك مرتين، فإن توليت فإن عليك إثم الأريسيين

'ইসলাম গ্রহণ করো, শান্তি পাবে। আল্লাহ তায়ালা তোমাকে বহুগুণ সওয়াব দান করবেন। আর যদি তুমি (ইসলাম থেকে) মুখ ফিরিয়ে নাও তাহলে জনসাধারণের (ইসলাম গ্রহণ না করার) গুনাহও তোমার উপর বর্তাবে। -সহিহ বুখারী: ৭ সহিহ মুসলিম: ১৭৭৩

এ হাদিসের ব্যাখায় হাফেয ইবনে হাজার রহ. ফাতহুল বারীতে বলেন,

قال الخطابي : أراد أن عليك إثم الضعفاء والأتباع إذا لم يسلموا تقليدا له لأن الأصاغر أتباع الأكابر. (فتح الباري : 39\1 ط. دار المعرفة).

"খত্তাবী রহ. বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উদ্দেশ্য হলো, যদি তুমি ইসলাম গ্রহণ না করো তাহলে তোমার অনুসারী ও দুর্বল প্রজাদের ইসলাম গ্রহণ না করার গুনাহের ভারও তোমার উপর বর্তাবে। কেননা তারা তোমার অনুসরণ করেই ইসলাম গ্রহণ করবে না। কারণ দুর্বলরা প্রভাবশালীদের অনুসরণই করে থাকে।" -ফাতহুল বারী: ১/৩৯

ইমাম বুখারী কায়েস বিন আবী হাযেম থেকে বর্ণণা করেন,

دخل أبو بكر على امرأة من أحمس يقال لها زينب، ... قالت: ما بقاؤنا على هذا الأمر الصالح الذي جاء الله به بعد الجاهلية؟ قال: «بقاؤكم عليه ما استقامت بكم أئمتكم»، قالت: وما الأئمة؟ قال: «أما كان لقومك رءوس وأشراف، يأمرونهم فيطيعونهم؟» قالت: بلى، قال: «فهم أولئك على الناس». صحيح البخاري: (3834).

আবু বকর রাযিআল্লাহু আনহু একদিন আহমাস গোত্রের যয়নাব নামী এক মহিলার সাথে সাক্ষাৎ হয়। .... মহিলা তাকে প্রশ্ন করে, জাহেলী যমানার পর যে উত্তম দ্বীন ও কল্যাণময় জীবন বিধান আল্লাহ তায়ালা আমাদের দান করেছেন, সে দীনের উপর আমরা কতদিন সঠিকভাবে টিকে থাকতে পারবো? আবু বকর রাযি. বললেন, যতদিন তোমাদের নেতৃবর্গ তোমাদের নিয়ে দীনের উপর অবিচল থাকবেন। মহিলা জিজ্ঞাসা করলো, নেতৃবর্গ কারা? আবু বকর রাযিআল্লাহু আনহু বললেন, তোমার গোত্রে কি এমন সম্ভ্রান্ত ও নেতৃস্থানীয় লোক নেই, যাদের আদেশ-নিষেধ মানুষ

মেনে চলে? মহিলা উত্তর দিল, হাঁ, আছে। আবু বকর বললেন, তারাই নেতৃবর্গ। -সহিহ বুখারী, ৭/৩৭৩ ইসলামী ফাউন্ডেশন হাদিসের ব্যাখায় হাফেয ইবনে হাজার রহ. বলেন,

قوله: «ما استقامت بكم ...أئمتكم» أي لأن الناس على دين ملوكهم، فمن حاد من الأئمة عن الحال مال وأمال. (فتح الباري 7 : 151ط: دار الفكر، مصور عن الطبعة السلفية).

"(তোমরা ইসলামের উপর থাকবে) যতদিন তোমাদের নেতৃবর্গ তোমাদের নিয়ে দীনের উপর অবিচল থাকবেন", কেননা মানুষ তাদের নেতৃস্থানীয় ব্যক্তিদের অনুসরণ করে, সুতরাং নেতৃস্থানীয় কোন ব্যক্তি সঠিক পথ থেকে সরে গেলে সে নিজেও পথভ্রষ্ট হয়, মানুষকেও পথভ্রষ্ট করে।" ফাতহুল বারী, ৭/১৫১

উপরোক্ত আলোচনা হতে বুঝা গেল, হক বুঝার পরও গোঁড়ামি-অহংকার, বাপ-দাদা ও নেতাদের অনুসরণ বা কুফরী ধর্ম বিজয়ী হওয়ার কারণে বেশীরভাগ লোক ইসলাম গ্রহণ করে চিরস্থায়ী শান্তির পথে আসে না। এসব প্রতিবন্ধকতা দূর করার নিমিত্তে ইসলাম ইকদামী তথা আক্রমণাত্মক জিহাদের নির্দেশ দিয়েছে এবং কাফেরদের নেতৃস্থানীয় ব্যক্তিদের হত্যা করার পাশাপাশি যুদ্ধে সক্ষম সাধারণ কাফেরদেরও ব্যাপকভাবে হত্যা করার নির্দেশ দিয়েছে, যেন ওদের শক্তি সম্পূর্ণ নিঃশেষ হয়ে যায়। এরপর ওদেরকে লাঞ্ছিত-অপদস্থ করে জিযয়া গ্রহণের কিংবা বন্দী করে দাস-দাসী বানানোর আদেশ দিয়েছে। তখন অন্যদেরকে ইসলাম গ্রহণে বাধাপ্রদান করার মতো কোন নেতৃস্থানীয় ব্যক্তিও থাকবে না এবং নিজেদের গর্ব ও জাত্যভিমানও ওদের ইসলাম গ্রহণের পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না। বরং তখন তারা লাঞ্চনা হতে মুক্তির জন্য বাপদাদার অন্ধ অনুসরণ ছেড়ে ইসলাম গ্রহণে সম্মত হয়ে যাবে।

উপরোক্ত বিধানগুলোর বাস্তব ফলাফল আমরা ইতিহাসে সুস্পষ্টভাবে দেখতে পাই যে, যখনই মুসলমানরা যুদ্ধ করে কাফেরদের দেশ দখল করে নেয়, তাদের প্রভাবশালী লোকদের হত্যা করে এবং ইসলাম বিজয়ী ধর্ম হিসেবে আভির্ভূত হয় তখন খুব সহজেই মানুষ ইসলাম গ্রহণ করে। এ ব্যাপারে *সুরা নাসরের আয়াতগুলো সবচেয়ে উৎকৃষ্ট প্রমাণ। আল্লাহ তায়ালা বলেন,

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ (1) وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا (2)
فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ

'যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসবে এবং তুমি মানুষকে দলে দলে ইসলাম গ্রহণ করতে দেখবে, তখন তুমি আল্লাহর প্রশংসা সহ তাসবীহ পাঠ করবে। -সুরা নাসর, আয়াত : ১-৩

আয়াতে সুস্পষ্ট ইঙ্গিত রয়েছে যে, বিজয়ের দ্বারা দ্রুততম সময়ে বিপুল পরিমান মানুষ ইসলাম গ্রহণ করে।

সামনে কয়েকটি আয়াতের তাফসীরসহ উলামায়ে কেরামের আরো কিছু বক্তব্য তুলে ধরছি যেগুলোতে ইকদামী জিহাদ, নেতৃস্থানীয় কাফেরদেরকে হত্যা করার উপকারিতা ও পরোক্ষ চাপপ্রয়োগের ব্যাপারটি খুব সুন্দরভাবে ফুটে উঠেছে। সম্মানিত পাঠকদের মনোযোগ দিয়ে লক্ষ করার সবিনয় অনুরোধ করছি।

আল্লাহ তায়ালা বলেন,

كُنْتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ

"তোমরা সর্বোত্তম উত্তম, তোমাদের বের করা হয়েছে মানুষের কল্যাণার্থে। তোমরা সৎকাজের আদেশ করবে, অসৎ কাজে বাধা দিবে এবং আল্লাহর প্রতি ইমান আনবে।" -সূরা আলে ইমরান, আয়াত: ১১০

ইমাম ফখরুদ্দীন রাযী রহ. এ আয়াতের ব্যাখ্যায় বলেন,

السؤال الأول: من أي وجه يقتضي الأمر بالمعروف والنهي عن المنكر والإيمان بالله كون هذه الأمة خير الأمم مع أن هذه الصفات الثلاثة كانت حاصلة في سائر الأمم؟.
والجواب: قال القفال: تفضيلهم على الأمم الذين كانوا قبلهم إنما حصل لأجل أنهم يأمرون بالمعروف وينهون عن المنكر بآكد الوجوه وهو القتال لأن الأمر بالمعروف قد يكون بالقلب وباللسان وباليد، وأقواها ما يكون بالقتال، لأنه إلقاء النفس في خطر القتل وأعرف المعروفات الدين الحق والإيمان بالتوحيد والنبوة، وأنكر المنكرات: الكفر بالله، فكان الجهاد في الدين محملا لأعظم المضار لغرض إيصال الغير إلى أعظم المنافع، وتخليصه من أعظم المضار، فوجب أن يكون الجهاد أعظم العبادات، ولما كان أمر الجهاد في شرعنا أقوى منه في سائر الشرائع، لا جرم صار ذلك موجبا لفضل هذه الأمة على سائر الأمم، وهذا معنى ما روي عن ابن عباس أنه قال في تفسير هذه الآية: قوله كنتم خير أمة أخرجت للناس تأمرونهم أن يشهدوا أن لا إله إلا الله ويقروا بما أنزل الله، وتقاتلونهم عليه و «لا إله إلا الله» أعظم المعروف، والتكذيب هو أنكر المنكر.
ثم قال القفال: فائدة القتال على الدين لا ينكره منصف، وذلك لأن أكثر الناس يحبون أديانهم بسبب الألف والعادة، ولا يتأملون في الدلائل التي تورد عليهم فإذا أكره على الدخول في الدين بالتخويف بالقتل دخل فيه، ثم لا يزال يضعف ما في قلبه من حب الدين الباطل، ولا يزال يقوى في قلبه حب الدين الحق إلى أن ينتقل من الباطل إلى الحق، ومن استحقاق العذاب الدائم إلى استحقاق الثواب الدائم. (الفتسير الكبير : 324\8 دار إحياء التراث العربي).

প্রশ্ন: সৎকাজের আদেশ, অসৎ কাজে বাধা দেওয়া এবং আল্লাহর প্রতি ইমান আনা কিভাবে সর্বোত্তম জাতি হওয়ার মাধ্যম হলো, অথচ এ গুণাবলী তো সব উম্মতের মধ্যেই বিদ্যমান ছিল?

উত্তর: কাফফাল রহ. বলেন, অন্যান্য উম্মতের উপর এ উম্মতকে প্রাধান্য দেওয়ার কারণ হলো এ উম্মত সৎকাজের আদেশ এবং অসৎকাজে নিষেধ সবচেয়ে কার্যকরী পন্থা তথা যুদ্ধের মাধ্যমে করবে, কেননা সৎকাজের আদেশ অন্তর, মুখ, ও হাতের মাধ্যমেও হয়, কিন্তু তা সবচেয়ে কার্যকরীভাবে হয় যুদ্ধের মাধ্যমে, কেননা এতে নিহত হওয়ার আশংকা থাকে। আর সবচেয়ে বড় সৎকাজ হলো সত্য ধর্ম এবং তাওহিদ ও নবুওয়াতের প্রতি ইমান আনা। আর সবচেয়ে বড় অন্যায় হলো কুফর। সুতরাং ধর্মের জন্য জিহাদ হলো অন্যকে সবচেয়ে বড়

কল্যাণের পথে নিয়ে আসা এবং সবচেয়ে ক্ষতিকর বিষয় থেকে বাঁচানোর জন্য নিজেকে সবচেয়ে বড় ক্ষতির সম্মুখীন করা। এ কারণেই জিহাদ সবচেয়ে বড় ইবাদত। আর যেহেতু আমাদের ধর্মে পূর্ববর্তী ধর্মের তুলনায় জিহাদের গুরুত্ব বেশি তাই এই জিহাদই অন্যান্য উম্মতের উপর আমাদের শ্রেষ্ঠত্বের কারণ। এ বিষয়টিই ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত হয়েছে, তিনি এ আয়াতের ব্যাখায় বলেন, 'তোমরা সর্বোত্তম জাতি, যাদের উত্থান হয়েছে মানুষের কল্যাণার্থে। তোমরা মানুষকে লা ইলাহা ইল্লাল্লাহর সাক্ষ্য দেওয়ার এবং আল্লাহর নাযিলকৃত বিধিবিধান মেনে নেওয়ার আদেশ দিবে, এজন্য তাদের সাথে যুদ্ধ করবে। লা ইলাহা ইল্লাল্লাহার সাক্ষ্যপ্রদান হলো সবচেয়ে বড় সৎকাজ আর কুফর হলো সবচেয়ে মন্দ কাজ।'

এরপর কফফাল বলেন, দীনের জন্য যুদ্ধ করার উপকারিতা কোন ন্যায়পরায়ণ মানুষ অস্বীকার করতে পারে না। কেননা অধিকাংশ মানুষই ঘনিষ্টতা ও অভ্যাসের কারণে নিজের ধর্মকে ভালোবাসে, এবং (ইসলামের সত্যতার ব্যাপারে) তাদের সামনে যে দলিল পেশ করা হয় তা নিয়ে তারা চিন্তাভাবনা করে না। যখন তাদেরকে হত্যার ভয় দেখিয়ে ইসলাম ধর্মে প্রবেশ করানো হয় তখন সে ইসলাম গ্রহণ করে। এরপর তাদের অন্তরে বাতিল ধর্মের প্রতি লালিত ভালোবাসা ধীরে ধীরে দুর্বল হতে থাকে এবং সত্য ধর্মের ভালোবাসা দৃঢ় হতে থাকে। ফলে এক পর্যায়ে তারা বাতিল ধর্ম ছেড়ে সত্য ধর্মকে আপন করে নেয় এবং চিরস্থায়ী শাস্তি থেকে মুক্তি পেয়ে চিরস্থায়ী পুরস্কার লাভের হকদার হয়। -তাফসীরে রাযী: ৮/৩২৪

শাহ ওয়ালিউল্লাহ দেহলভী রহ. বলেন,

اعلم أن أتم الشرائع وأكمل النواميس هو الشرع الذي يؤمر فيه بالجهاد، وذلك لأن تكليف الله عباده بما أمر ونهى - مثله كمثل رجل مرض عبيده، فأمر رجلا من خاصته أن يسقيهم دواء، فلو أنه قهرهم على شرب الدواء، وأوجره في أفواههم لكان حقا، لكن الرحمة اقتضت أن يبين لهم فوائد الدواء؛ ليشربوه على رغبة فيه، وأن يخلط معه العسل؛ ليتعاضد فيه الرغبة الطبيعية والعقلية.

ثم إن كثيرا من الناس يغلب عليهم الشهوات الدنية والأخلاق السبعية ووساوس الشطان في حب الرياسات، ويلصق بقلوبهم رسوم آبائهم، فلا يسمعون تلك الفوائد، ولا يذعنون لما يأمر به النبي صلى الله عليه وسلم، ولا يتأملون في حسنة، فليست الرحمة في حق أولئك أن يقتصر على إثبات الحجة عليهم، بل الرحمة في حقهم أن يقهروا؛ ليدخل الإيمان عليهم على رغم أنفهم بمنزلة إيجاد الدواء المر، ولا قهر إلا بقتل من له منهم بكناية شديدة وتمنع قوى، أو تفريق منعتهم وسلب أموالهم حتى يصيروا لا يقدرون على شيء، فعند ذلك يدخل أتباعهم وذراريهم في الإيمان برغبة وطوع، ولذلك كتب رسول الله صلى الله عليه وسلم إلى قيصر كان عليك إثم الأريسيين.

وربما كان أسرهم وقهرهم يؤدي إلى إيمانهم، وإلى هذا أشار النبي صلى الله عليه وسلم حيث قال: عجب الله من قوم يدخلون الجنة في السلاسل.

وأيضا فالرحمة التامة الكاملة بالنسبة إلى البشر أن يهديهم الله إلى الاحسان، وأن يكبح ظالمهم عن الظلم، وأن يصلح ارتفاقاتهم وتدبير منزلهم وسياسة مدينتهم، فالمدن الفاسدة التي يغلب عليها نفوس السبعية، ويكون لهم تمنع شديد إنما هو بمنزلة الأكلة في بدن الإنسان لا يصح الإنسان إلا بقطعه، والذي يتوجه إلى إصلاح مزاجه وإقامة طبيعته لا بد له من القطع، والشر القليل إذا كان مفضيا إلى الخير الكثير واجب فعله، ولك عبرة بقريش ومن حولهم من العرب كانوا أبعد خلق الله عن الاحسان وأظلمهم على الضعفاء، وكانت بينهم مقاتلات شديدة، وكان بعضهم يأسر بعضا، وما كان أكثرهم متأملين في الحجة ناظرين في الدليل فجاهدهم النبي صلى الله عليه وسلم وقتل أشدهم بطشا وأحدهم نفسا حتى ظهر أمر الله، وانقادوا له، فصاروا بعد ذلك من أهل الإحسان، واستقامت أمورهم، فلو لم يكن في الشريعة جهاد أولئك لم يحصل اللطف في حقهم.
((حجة الله البالغة: 2/264 ط. دار الجيل: 1426 هـ

"সবচেয়ে পূর্ণাঙ্গ শরিয়ত তাই যাতে জিহাদের বিধান রয়েছে। কেননা আল্লাহ তায়ালা বান্দাদের যে আদেশ-নিষেধ দিয়েছেন তার দৃষ্টান্ত হলো ঐ ব্যক্তির মতো যার গোলামরা অসুস্থ হয়ে পড়ে, তাই সে তার ঘনিষ্ঠ কাউকে গোলামদের ঔষধ খাওয়াতে বলে, এখন যদি সেই ব্যক্তি ওদেরকে ঔষধ খেতে বাধ্য করে এবং (জোরপূর্বক) তাদের মুখে ঔষধ ঢেলে দেয় তাহলে তা ভালো কাজই হবে। কিন্তু রহমতের তাকাযা হলো তাদেরকে ঔষধের উপকারিতা বুঝিয়ে দেওয়া, যেন তারা সাগ্রহে তা সেবন করে, এবং ঔষধের সাথে মধু মিশিয়ে দেওয়া যেন বুদ্ধিবৃত্তিক আগ্রহের পাশাপাশি স্বভাবগত আগ্রহও সৃষ্টি হয় এবং একটি অপরটিকে শক্তিশালী করে।

কিন্তু অনেক মানুষের উপর নিকৃষ্ট প্রবৃত্তি, পশুত্ব ও শয়তানের কুমন্ত্রণা প্রবল হয়ে যায়, এবং তাদের অন্তর বাপ-দাদার আচার-রীতির প্রতি আসক্ত হয়ে পড়ে। তাই তারা (ইসলামের ধর্মের) উপকারিতাগুলো শুনতে চায় না, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে আদেশ দেন তা মেনে নেয় না, কল্যাণকর বিষয় নিয়ে চিন্তাভাবনা করে না। সুতরাং তাদের ক্ষেত্রে শুধু ইসলামের সত্যতার প্রমাণ পেশ করাই যথেষ্ট নয়। বরং রহমতের তাকাযা হলো তাদেরকে পর্যুদস্ত করা হবে যেন ইমান তাদের অন্তরে প্রবেশ করে, অনেকটা (জোরপূর্বক) তিক্ত ওষুধ পান করানোর মত। আর তাদেরকে পর্যুদস্ত করার পদ্ধতি হলো তাদের মধ্যে যারা শক্তিশালী ও প্রভাব-প্রতিপত্তির অধিকারী তাদের হত্যা করা হবে কিংবা তাদের দলকে বিক্ষিপ্ত করে দেওয়া হবে এবং ধনসম্পদ ছিনিয়ে নেওয়া হবে, যেন (ইসলামের বিপক্ষে) তাদের কোমর সোজা করে দাঁড়ানোর মত কোন শক্তিই অবশিষ্ট না থাকে। তখন তাদের অনুসারী ও সন্তান-সন্ততিরা স্বেচ্ছায় ইসলাম গ্রহণ করবে। এজন্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কায়সারের নিকট প্রেরিত চিঠিতে লিখেন, (যদি তুমি ইসলাম গ্রহণ না কর) তাহলে তোমাকে তোমার অনুসারীদের (ইসলাম গ্রহণ না করার) গুনাহের ভারও বহন করতে হবে। কখনো তাদেরকে বন্দী ও পর্যুদস্ত করা তাদের ইমানের কারণ হয়। এ দিকে ইঙ্গিত করেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

عجب الله من قوم يدخلون الجنة في السلاسل

'আল্লাহ তায়ালা ঐ ব্যক্তিদের দেখে অবাক হন যাদেরকে শিকলেবন্দী করে জান্নাতের দিকে নিয়ে যাওয়া হয়'। [সহিহ বুখারী: ৩০১০]

তাছাড়া এটাও মানবজাতির প্রতি রহমতের দাবী যে আল্লাহ সুবহানাহু তায়ালা তাদেরকে (একে অপরের প্রতি) অনুগ্রহ করার দিকে পথপ্রদর্শন করবেন, যালেমদের যুলুম হতে বিরত রাখবেন, এবং মানুষের সুযোগ-সুবিধা বৃদ্ধি, ও শহর-নগর পরিচালনার ব্যবস্থা করবেন। কিন্তু যে শহরগুলোর ক্ষমতা মন্দ লোকেরা দখল করে নেয় এবং তাদের প্রতাপ ও শক্তি থাকে তারা মানব দেহের পচনশীল ক্ষতের ন্যায়, তা কেটে ফেলা ব্যতীত মানুষ সুস্থতা লাভ করতে পারে না। চিকিৎসক তা কেটে ফেলতে বাধ্য। কেননা সামান্য ক্ষতির বিনিময়ে প্রভুত কল্যাণ অর্জন করা গেলে তো সেই ক্ষতিকে মেনে নিতেই হয়।

فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا فَضَرْبَ الرِّقَابِ حَتَّى إِذَا أَثْخَنْتُمُوهُمْ فَشُدُّوا الْوَثَاقَ فَإِمَّا مَنًّا بَعْدُ وَإِمَّا فِدَاءً

"কাফেরদের সাথে তোমাদের মোকাবেলা হলে তাদের গর্দান উড়াতে থাকো। অবশেষে যখন তোমরা তাদেরকে ব্যাপকভাবে হত্যা করবে তখন তাদেরকে (বন্দী করে) শক্তভাবে বাঁধবে। তারপর হয়তো (তাদেরকে) মুক্তি দিবে অনুকম্পা দেখিয়ে অথবা মুক্তিপণ নিয়ে।" -সূরা মুহাম্মদ, আয়াত: ৪

ইবনে কাসীর রহ. বলেন,

أي: إذا واجهتموهم فاحصدوهم حصدا بالسيوف

অর্থাৎ তোমরা শত্রুদের মুখোমুখী হলে তাদের কচুকাটা করো। -তাফসীরে ইবনে কাসীর: ৭/৩০৭

আয়াতটির তাফসীর করতে গিয়ে ইমাম জাসসাস রহিমাহুল্লাহু বলেন,

لأن الله تعالى أمر نبيه صلى الله عليه وسلم بالإثخان في القتل وحظر عليه الأسر - إلا بعد إذلال المشركين وقمعهم - وكان ذلك وقت قلة عدد المسلمين وكثرة عدد عدوهم من المشركين، فمتى أثخن المشركون وأذلوا بالقتل والتشريد جاز الاستبقاء. (أحكام القرآن: 269\5 ط. دار إحياء التراث العربي: 1405 هـ)۔

"আল্লাহ তায়ালা তাঁর নবীকে প্রচুর পরিমাণে রক্তপাত করতে বলেছেন এবং মুশরিকদের লাঞ্ছিত করা ও তাদের শক্তি খর্ব করার পূর্বে বন্দী করতে নিষেধ করেছেন, ... সুতরাং মুশরিকদের পাইকারীহারে হত্যা করা, ওদেরকে হত্যা ও নির্বাসনের মাধ্যমে অপদস্থ করার পরই ওদেরকে জানে বাঁচানো জায়েয হবে।" -আহকামুল কুরআন, ৫/২৬৯

গত শতাব্দীর বরেণ্য আলেম শায়েখ আব্দুর রহমান সা'দী বলেন,

يقول تعالى مرشدا عباده إلى ما فيه صلاحهم، ونصرهم على أعدائهم {فَإِذا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا} في الحرب والقتال، فاصدقوهم القتال، واضربوا منهم الأعناق، حَتَّى تثخنوهم وتكسروا شوكتهم وتبطلوا شرتهم، فإذا فعلتم ذلك، ورأيتم الأسر أولى وأصلح، {فَشُدُّوا الْوَثَاقَ} أي: الرباط، وهذا احتياط لأسرهم لئلا يهربوا، فإذا شد منهم الوثاق اطمأن المسلمون من هربهم ومن شرهم، فإذا كانوا تحت أسركم، فأنتم بالخيار بين المن عليهم، وإطلاقهم بلا مال ولا فداء، وإما أن تفدوهم بأن لا تطلقوهم حتى يشتروا أنفسهم، أو يشتريهم أصحابهم بمال، أو بأسير مسلم عندهم. (تفسير السعدي ص 784 ط. مؤسسة الرسالة)۔

'আল্লাহ তায়ালা তার বান্দাদের কল্যাণ এবং শত্রুদের উপর বিজয়ী হওয়ার পদ্ধতি বাতলে দিচ্ছেন। তিনি বলছেন, যখন যুদ্ধে তোমরা কাফেরদের মুখোমুখি হও তখন ওদের বিরুদ্ধে বীরবিক্রমে যুদ্ধ কর, ওদের গর্দান উড়াতে থাকো, যতক্ষণ না তাদেরকে ব্যাপকহারে হত্যা করে তাদের শক্তি খর্ব করতে পার এবং তাদের অনিষ্ট হতে তোমরা নিরাপদ হয়ে যাও। এরপর তোমাদের নিকট বন্দী করা ভালো মনে হলে তাদের কষে বাধো। কষে বাধতে বলা হয়েছে যেন ওরা পলায়ন করতে না পারে এবং মুসলমানরা তাদের পলায়ন ও অনিষ্ট হতে নিরাপদ হয়ে যায়। বন্দী করার পর তোমাদের ইখতিয়ার থাকবে তোমরা চাইলে তাদের উপর অনুগ্রহ করে মুক্তিপণ ব্যতিতই তাদের ছেড়ে দিতে পারো আর চাইলে তাদের থেকে মুক্তিপণ নিতে কিংবা তাদের মাধ্যমে বন্দী বিনিময় করতে পারো।" -তাফসীরে সা'দী, পৃ: ৭৮৪

হাকিমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহ. ও একই তাফসীর করেছেন, তিনি বলেন,

تمہارا جب کفار سے مقابله هو جائۓ تو ان كي گردنيں مارو (يعني قتل كرو) يها ں تك كے جب تم ان كي خوب خون ريزي كر چكو (جس كي حد يه هے كے اب اگر قتل موقوف كر كے بجائۓ اس كے قيد پر اكتفاء كيا جائۓ تو محتمل مضرتِ مسلمين وغلبہ كفار نه هو) تو (اس وقت كفار كو قيد كر كے) خوب مضبوط باندھ لو پھراس كے بعد (على سبيل منع الجمع تم كو دو باتو كا اختيار هے) يا تو بلا معاوضه چھوڑ دينا اور يا معاوضه لے كر چھو ڑدينا (بيان القرآن: 3 / 409)۔

"কাফেরদের সাথে তোমাদের যুদ্ধ হলে তোমরা তাদের হত্যা করো, যখন তোমরা তাদের প্রচুর পরিমানে হত্যা করবে (যার সীমা হলো এখন তাদের হত্যা করার পরিবর্তে বন্দী করা হলেও কাফেরদের বিজয় কিংবা তাদের দ্বারা মুসলমানদের ক্ষতির সম্ভাবনা থাকে না) তখন তাদের বন্দী করে মযবুত ভাবে বাধো। এরপর হয়তো বিনামূল্যে ছেড়ে দিবে কিংবা মুক্তিপণ নিয়ে ছাড়বে।" -বয়ানুল কুরআন ৩/৪০৯

শাইখুল ইসলাম আল্লামা শাব্বীর আহমদ উসমানী রহ. বলেন,

یعنی حق اورباطل کا مقابلہ تو رہتا ہی ہے۔ جس وقت مسلمانوں اور کافروں میں جنگ ہو جائے تو مسلمانوں کو پوری مضبوط ی اور بہادری سے کام لینا چاہئے۔ باطل کا زور جب ہی ٹوٹے گا کہ بڑے بڑے شریر مارے جائیں اور انکے جتھے توڑ دیے جائیں۔ اس لئے ہنگامہ کارزار میں کسل، سستی، بزدلی اور توقف و تردد کو راہ نہ دو۔ اور دشمنان خدا کی گردنیں مارنے میں کچھ باک نہ کرو۔ کافی خونریزی کے بعد جب تمہاری دھاک بیٹھ جائے اور ان کا زور ٹوٹ جائے اس وقت قید کرنا بھی کفایت کرتا ہے۔ قال تعالی: [مَا كَانَ لِنَبِيٍّ أَنْ يَكُونَ لَهُ أَسْرَى حَتَّى يُثْخِنَ فِي الْأَرْضِ] یہ قید وبند ممکن ہے ان کے لئے

تازیانہ عبرت کا کام دے اور مسلمانوں کے پاس رہ کر انکو اپنی اور تمہاری حالت کے جانچنے اور اسلامی تعلیمات میں غور کرنے کا موقع بہم پہنچائے شدہ شدہ وہ لوگ حق و صداقت کا راستہ اختیار کر لیں۔ یا مصلحت سمجھو تو بدون کسی معاوضہ کے ان پر احسان کر کے قید سے رہا کرو۔ اس صورت میں بہت سے افراد ممکن ہے تمہارے احسان اور خوبی اخلاق سے متاثر ہو کر تمہاری طرف راغب ہوں اور تمہارے دین سے محبت کرنے لگیں۔ اور یہ بھی کر سکتے ہو کہ زر فدیہ لے کر یا مسلمان قیدیوں کے مبادلہ میں ان قیدیوں کو چھوڑ دو اس میں کئ طرح کے فائدے ہیں۔ بہرحال اگر ان اسیران جنگ کو انکے وطن کی طرف واپس کر و تو دو ہی صورتیں ہیں۔ معاوضہ میں چھوڑنا یا بلامعاوضہ رہا کرنا۔ ان میں جو صورت امام کے نزدیک اصلح ہو اختیار کر سکتا ہے۔ حنفیہ کے ہاں بھی فتح القدیر اور شامی وغیرہ میں اس طرح کی روایات موجود ہیں ہاں اگر قیدیوں کو ان کے وطن کی طرف واپس کرنا مصلحت نہ ہو تو پھر تین صورتیں ہیں۔ ذِمّی بنا کر بطور رعیت کے رکھنا یا غلام بنا لینا، یا قتل کر دینا۔ (فوائد عثماني ص 216-217 ط. فريد بك ڈپو)۔

“অর্থাৎ হক ও বাতিলের লড়াই তো চিরন্তন। সুতরাং মুসলামনদের কাফেরদের সাথে যুদ্ধের সময় বীরত্বের সাথে অটল থেকে যুদ্ধ করতে হবে। বাতিলের শক্তি তখনই খর্ব হবে যখন ধাড়ি শয়তানগুলোকে হত্যা করা হবে এবং তাদের বাহিনীকে ছত্রভঙ্গ করে দেওয়া হবে।

তাই কাফেরদের সাথে যুদ্ধে ভীরুতা বা দ্বিধাদ্বন্দ্ব করো না এবং তাদের গর্দান উড়াতে ভয় করো না। যথেষ্ট পরিমান রক্তপাত করার পর যখন কাফেরদের অন্তরে তোমাদের ভয় জমে যায় এবং কাফেরদের শক্তি খর্ব হয়ে যায় তখন বন্দী করাও যথেষ্ট। আল্লাহ তায়ালা বলেন, “কোন নবীর পক্ষে এটা শোভনীয় নয় যে, যমিনে (শত্রুদের) রক্ত ব্যাপকভাবে প্রবাহিত করার পূর্বে তার কাছে কয়েদী থাকবে।”

এই বন্দীত্ব তাদের জন্য উপদেশ ও দৃষ্টান্ত হতে পারে। পাশাপাশি মুসলমানদের সংস্পর্শে এসে তাদের জীবনাচার প্রত্যক্ষ করা এবং ইসলামের শিক্ষা নিয়ে চিন্তাভাবনা করার সুযোগ হবে, ধীরে ধীরে তারা ইসলাম গ্রহণ করবে। আর যদি ভালো মনে করো তাহলে মুক্তিপণ ব্যতীত বা মুক্তিপণ নিয়ে তাদের ছেড়ে দিতে পারো। এতে অনেকেই তোমাদের অনুগ্রহ ও উত্তম চরিত্র দেখে তোমাদের ধর্মের প্রতি আগ্রহী হবে এবং তোমাদের মহব্বত করবে।” -তাফসীরে উসমানী: পৃ: ২১৬-২১৭

দেখুন, কাফেরদের সাথে শুধু দাওয়াত ও উত্তম আচরণই যদি তাদের ইসলাম গ্রহণের জন্য যথেষ্ট হতো তাহলে নবীজির দশ বছরের দাওয়াতে মক্কাবাসীরা মুসলিম হলো না কেন? রাসূল কি -নাউযুবিল্লাহ- তাদের দাওয়াতের ক্ষেত্রে কোন ত্রুটি করেছেন, না তাদের সাথে উত্তম আচরণ করেননি? আসলে দয়া-উত্তম আচরণের দ্বারা কাজ হয় বিজয়ী হওয়া, বন্দী করা ও দাসদাসী বানানোর পরে। কেননা বিজয়ী জাতি ও মনিবরা যখন বিজিত জাতি, তাদের যুদ্ধ বন্দী ও দাসদাসীদের প্রতি দয়া করে তখন তা তাদের উত্তম আখলাক ও নৈতিকতার পরিচয় হয়। এজন্যই যখন মক্কা বিজয়ের পরে রাসূল কাফেরদের প্রতি অনুগ্রহ করে তাদের সকল অপরাধ ক্ষমা করে দিলেন তখন তারা খুব দ্রুত মুসলমান হয়ে যায়। পক্ষান্তরে পরাজিত জাতি বিজয়ী জাতির সাথে উত্তম আচরণ করলে সেটা তাদের উত্তম আখলাকের দলিল হওয়া তো দূরে থাক, বরং অনেক সময়ই বিজয়ীরা মনে করে তারা আমাদের শক্তির ভয়ে ভীত হয়ে তোষামোদ স্বরুপ উত্তম আচরণ করছে। তাই বিজয়ের পূর্বে উত্তম আচরণ তেমন ফলদায়ক হয় না।

উপরোক্ত আলোচনার আলোকে পাঠক আপনি নিজেই বিবেচনা করুন ইসলাম প্রচারে তরবারীর ভূমিকা আছে কি না এবং থাকলে তার মাত্রা কতখানি। আরো দেখুন কৌশলে তাদের উপর ইসলাম গ্রহণের চাপপ্রয়োগ করা হচ্ছে কি না।

চলবে ইনশাআল্লাহ ......

الجهاد محك الإيمان
জিহাদ ইমানের কষ্টিপাথর

নেক কাজের তাউফিক একটি অমুল্য নিয়ামত!

s-forayeji

বিসমিল্লাহ ওয়াস সালাতু ওয়াস সালামু আলা রাসুলিল্লাহ।

বান্দার প্রতি আল্লাহর অনুগ্রহ সমূহের মধ্যে একটি হচ্ছে নেক কাজের তাওফিক। নেক কাজের তাওফিক অনেক বড় একটি নিয়ামত। আমরা মনে করি, চাইলেই আমরা হয়ত কোন নেক কাজ করতে পারি। কিন্তু বাস্তবতা তা নয়, আর এ বিষয়টি বুঝতে না পারার কারণে আমরা তাউফিকের গুরুত্ব উপলব্ধি করতে পারিনা, নিয়ামত হিসেবে তাউফিক চিহ্নিত করতে পারিনা। আর যখন তা পারিনা তখন স্বাভাবিক নিয়মে আমি, আমরা নিয়ামতের শুকরিয়া আদায় থেকেও গাফেল থেকে যাই। কারণ নিয়ামত যদি না চিনতে পারি তাহলে শুকরিয়া আদায়ের প্রসঙ্গ কিভাবে আসবে! এর ফলে দেখা যায় আমাদের জীবনে নিয়ামতের পরিমাণ কমতে থাকে, কারণ রাসুল (সা:) বলেছেন, (ভাবার্থে) আল্লাহর নিয়ামতের শুকরিয়া আদায় না করার কারণে আল্লাহ্ তা উঠিয়ে নেন এবং অন্য কাউকে দান করেন।

এক ভাইয়ের ঘটনা জানি - উনি একবার নিয়্যাত করলেন আল্লাহ্ চান তো আজ আমি কোন একটা ভালো কাজ করব। কি করা যায় এমন চিন্তা করতে থাকলেন। উনি এক আনসার ভাইয়ের বাসায় ছিলেন। তখন মাসের প্রায় শেষ এবং যে কোন কারণে উনার আনসার ভাইয়ের হাতের টাকাও প্রায় শেষ। তখন তিনি ভাবলেন আচ্ছা, আমি আমার আনসার ভাইয়ের মানিব্যাগে ৫০০০ টাকা রেখে দেই। আনসার ভাই জানবেন না টাকা কিভাবে আসলো বা হয়ত উনি বুঝতেই পারবেন না। আর কাজটি গোপন আমল হিসেবে কবুল হলে আল্লাহ ও খুশি হবেন! কিন্তু দুর্বলতার কারণে শেষ পর্যন্ত উনি তা করতে পারলেন না। ৫০০০ টাকা উনার কাছে বেশ ভারী মনে হচ্ছিলো।

এরপরে তিনি মসজিদে গেলেন যোহরের নামাজ পড়তে। নামাজ শেষে দেখলেন আল্লাহর এক বান্দা সাহায্যের জন্য দাঁড়িয়েছেন। সেই ভাই ভাবলেন, আমি তো আমার আনসার ভাইকে ৫০০০ টাকা দিয়ে সাহায্য করতে পারিনি সত্য, কিন্তু আল্লাহ্ চাইলে আমি এই ভাইকে তো কিছু সাহায্য করতেই পারি। এরপরে তিনি সেই ভাইকে ১০০০ টাকা সাদাকাহ করলেন।

ভাইয়ের ভাষ্যমতে, - প্রথমে যখন আমি ৫০০০ টাকার নিয়াত করেছিলাম তখন আমার দুর্বলতার জন্য আমি তা করতে পারিনি। কিন্তু আল্লাহ্ আমার দুর্বলতার কথা আমার চেয়েও সবচেয়ে উত্তম ভাবে জানতেন। তাই তিনি ঐ একই দিনে যোহরের সময়ে আমার সামনে আরেকটি সুযোগ দিলেন - যা আমার জন্য সহজ হয়। আমার তো মনে হয়েছিলো, যদি আমি ঐ ১০০০ টাকার ব্যাপারেও পাশ না করতে পারতাম তাহলে আল্লাহ্ হয়ত আমাকে ৫০০ টাকার কোন সুযোগ দান করতেন, আল্লাহ্ না করুন যদি আমি তাও পাশ না করতাম হয়ত তিনি আমাকে ৫০ টাকা সাদাকার কোন সুযোগ দিতেন। আসলে আল্লাহ্ এভাবে তাঁর বান্দাদের সামনে সুযোগ দান করতেই থাকেন যেন বান্দা তা গ্রহন করে এবং আল্লাহর পক্ষ থেকেতাউফিক প্রাপ্ত হয় আল্লাহর আরো নিকটবর্তী হবার ব্যাপারে।

তবে হ্যা, আল্লাহ্ না করুন এমনও কখনো হয় - আমরা এমন উদাসীন থাকি যে, আমাদের সামনে আল্লাহর পক্ষ থেকে এমন নেক কাজের সুযোগ আসতেই থাকে একের পর এক কিন্তু আমরা সে ব্যাপারে কোন খেয়ালই রাখিনা। আর এমন ভাবে আমাদের অনবরত উদাসীনতার কারণে কোন একদিন আমরা হয়ত এসব নিয়ামত থেকে সম্পূর্ণ বঞ্চিত হয়ে যাই যা আমাদের চেতনাতেও থাকেনা! অর্থাৎ আমরা নেক কাজের কোন তাউফিক পাইনা, নেক কাজের কোন আকাঙ্খা আমাদের অন্তরে আসেনা! যদি চিন্তা করে দেখতাম তাহলে হয়ত আমরা খুঁজে পেতাম এর জন্য আমরা নিজেরাই দায়ী আর তা এভাবে যে, আমরা প্রতিনিয়ত আল্লাহর পক্ষ থেকে আমাদের সামনে নিয়ামত হিসেবে হাজির হওয়া অনেক (আমদের দৃষ্টিতে মনে হওয়া ছোট) নেক কাজের তাউফিক কে আমরা পরিত্যাগ করেছি, পাশ কাটিয়ে গেছি অথবা আরো খারাপ যে, কখনো বুঝতেই পারিনি সেগুলো ছিলো নিজেদের গুনাহ সমূহ ঝরিয়ে নেয়ার জন্য আল্লাহর পক্ষ থেকে সুবর্ন সুযোগ!

প্রতিটি নেক কাজের সুযোগ হচ্ছে আল্লাহর পক্ষ থেকে নিয়ামত। কখনো এমন চিন্তা করা উচিৎ নয় যে, কাজ টি "কত বড়" বা "কত ছোট"। রাস্তা থেকে কষ্টদায়ক কিছু সরিয়ে দেয়ার কাজকেও ঈমানের শাখা হিসেবে বলা হয়েছে। আমাদের জানা আছে, সাদ ইবনে মুয়াজ (রা:) এর মৃত্যুতে আল্লাহর আরশ কেঁপে উঠেছিলো! সেই মহান সাহাবীর ইসলাম গ্রহণের বিষয়টি কেমন ছিল? সাদ (রা:) যখন মুসয়াব ইবনে উমায়ের (রা:) কে দেখলেন ইসলামের দাওয়াত দিচ্ছেন তখন তিনি বর্শা হাতে নিয়ে এগিয়ে আসলেন মুসয়াব (রা:) কে দেখে নিতে! মুসয়াব (রা:) বললেন, আপনি বরং আমার কিছু কথা শুনুন, যদি ভালো লাগে শুনবেন আর যদি ভালো না লাগে তবে আপনার যা ভালো লাগবেনা তা আমি আপনাকে বলবোনা। সাদ (রা:) ভাবলেন বেশ, উত্তম প্রস্তাব। তিনি বর্শা মাটিতে গেঁড়ে বসে গেলেন মুসয়াব (রা:) এর কথা শুনতে। লক্ষ্য করেন, সাদ (রা:) এর জন্য এটি ছিলো একটি ভালো কাজের জন্য প্রথম এবং ছোট পদক্ষেপ। কাজটি ছিলো কিছু ভালো কথা শোনার দাওয়াত কবুল করা। আর এই কাজের মধ্য দিয়েই আল্লাহ্ উনাকে ইসলামের নূর দান করলেন! সাদ (রা:) মৃত্যুতে জিবরীল (আ:) উত্তম পোশাক এবং পাগড়ী পরিধান করে আসমান থেকে নেমে এসেছিলেন, আর রাসুল (সা:) কে সংবাদ দিয়েছেন আজ আপনার এক সাহাবী মারা গেছেন! আর এই সমস্ত নেয়ামতের প্রথম কদমটি ছিলো খুব ছোট, সাধারণ একটি কাজ, - কিছু ভালো কথা শোনার দাওয়াত কবুল করা।

এমন অনেক ছোট ছোট নেক আমল থাকে যা অহরহই আমাদের চোখের আড়ালে থেকে যায় কারণ সেগুলো হয়ত "ছোট নেক আমল" তাই। কিন্তু আমাদের স্মরণ রাখা দরকার হয়ত আমরা এমনই যে, আমাদের জন্য "বড় আমল" গুলো ভারী হয়ে যেত তাই আল্লাহ্ আমার জন্য ছোট এবং সহজ করে দিয়েছেন। যেন আমি অন্তত বঞ্চিত না থেকে যাই। একই সাথে এও মনে রাখা দরকার ছোট নেক কাজ গুলো সাধারনত মারাত্মক এক কবিরা গুনাহ থেকে নিরাপদ থাকে তা হচ্ছে "রিয়া"। কারণ আমল হিসেবে সেগুলো এমন ছোট যে, সেগুলোর মধ্যে দেখানোর তেমন কিছু নাই। তাই আমল হিসেবে ছোট হলেও পরিপুর্ন ইখলাস এবং শুধুমাত্র আল্লাহর সন্তুস্টির জন্য এসব আমল সহজ হয়ে যায় আলহামদুলিল্লাহ। একই সাথে এই ছোট নেক আমল গুলো হচ্ছে রিয়া মুক্ত হয়ে ইখলাসের সাথে বড় আমল করার জন্য প্র্যাকটিস ও বটে!

ছোট বাচ্চা যখন রঙ পেন্সিল নিয়ে খুব মনোযোগের সাথে ছবি আঁকে এবং তার বাবাকে খুব আগ্রহ নিয়ে দেখায় আর বলে, বাবা বলো তো এই ছবি টা কেমন হয়েছে? বাবা তাকিয়ে দেখে মেয়ে আসলে রঙ বেরঙের কিছু এলোমেলো লাইন এঁকেছে! বাবা কি বলবে আরে এটা তো কিচ্ছু হয়নি! বরং বাবা বলবে - কি এঁকেছ বাবা, বেশ চমৎকার হয়েছে! বাবা কেন এ কথা বলবে?

প্রথম কারণ - তিনি বাবা আর ছবি একেছে তার অবুঝ সন্তান তাই। দ্বিতীয় কারন - এই অবুঝ সন্তানের একান্ত আগ্রহ নিয়ে আকা ঐ হাবি জাবিই বাবার কাছে অনেক প্রিয়। তাহলে এবার ভেবে দেখেন আমাদের এমন খুব ছোট ছোট কাজ গুলো যদি আন্তরিকতার সাথে শুধু আল্লাহর জন্য হয়ে যায় তবে আল্লাহ তা কত পছন্দ করবেন! কারণ নিশ্চিত ভাবেই আল্লাহ আমাদের নিজেদের বাবা মা অপেক্ষা অধিক ভালোবাসেন!

কোন নেক কাজের সুযোগকেই এই বলে পাশ কাটানো উচিৎ নয় যে, "এ আর এমন কি!" কারণ আপনি নিশ্চিতই জানেন না যে, এই কাজের মধ্যে আল্লাহ্ কি পরিমাণ বারাকাহ লুকিয়ে রেখেছেন। কারণ আল্লাহ্ বৃদ্ধির ওয়াদা করেছেন। প্রত্যেকটি নেক কাজের তাউফিক আমার এবং আপনার প্রতি আল্লাহর পক্ষ থেকে আল্লাহর দিকে আরো একটু এগিয়ে যাবার দাওয়াত,

খুব ক্ষতি হয়ে যাবে যদি আমরা আল্লাহর অনুগ্রহকে "ছোট" বলে প্রত্যাখান করি!

আর হ্যা, নিশ্চয়ই সকল তাউফিক শুধু মাত্র মহান আল্লাহর পক্ষ থেকেই।

সহিহ হাদিসের আলোকে ইমাম মাহদীর আমলে মুসলমানদের বিজয়, প্রাচুর্য ও সমৃদ্ধি

আদনান মারুফ

ইমাম মাহদীর রাজত্বকাল

سليمان بن عبيد، ثنا أبو الصديق الناجي، عن أبي سعيد الخدري رضي الله عنه، أن رسول الله صلى الله عليه وسلم، قال: «يخرج في آخر أمتي المهدي يسقيه الله الغيث، وتخرج الأرض نباتها، ويعطي المال صحاحا، وتكثر الماشية وتعظم الأمة، يعيش سبعا أو ثمانيا يعني حججا». رواه الحاكم (8673) وقال الشيخ شعيب الأرنؤوط في تعليقه على مسند أحمد (17/255 ط. الرسالة) : (قال الحاكم: هذا حديث صحيح الإسناد، ولم يخرجاه، وقال الذهبي: صحيح. قلنا: رجاله جميعهم ثقات، وسليمان بن عبيد: وهو السلمي البصري، وثقه ابن معين، وقال أبو حاتم صدوق، وذكره ابن حبان في الثقات). وقال الألباني في سلسة الأحاديث الصحيحة (رقم : 711) : (هذا سند صحيح رجاله ثقات). وقال الدكتور عبد العليم البستوي في المهدي المنتظر (ص165 ط. دار ابن حزم) : (إسناده صحيح).

আবু সাইদ খুদরী রাযি. হতে বর্ণিত, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আমার উম্মতের শেষভাগে মাহদীর আগমন ঘটবে। তার যমানায় প্রচুর বৃষ্টিপাত হবে। যমিনে সর্বোচ্চ মাত্রায় ফলন হবে। তিনি (মানুষকে) সমানভাবে সম্পদ প্রদান করবেন। (তার শাসনামলে) গবাদি পশুর সংখ্যা বেড়ে যাবে। উম্মাহর বংশবৃদ্ধি ঘটবে। তিনি সাত বা আট বছর রাজত্ব করবেন।" -মুস্তাদরাকে হাকেম, ৮৬৭৩

হাদিসের মান:- হাফেয আবু আব্দুল্লাহ হাকেম, হাফেয যাহাবী, শায়েখ শুয়াইব আরনাউত, শায়েখ আলবানী ও ডক্টর আব্দুল আলীম হাদিসটিকে সহিহ বলেছেন। -মুসনাদে আহমদের টীকা, শায়েখ শুয়াইব আরনাউত, ১৭/২৫৫ সিলসিলাতুল আহাদিসিস সহিহাহ, ৭১১ আলমাহদিউল মুন্তাযার, পৃ: ১৬৫

عن أبي سعيد الخدري، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «أبشركم بالمهدي يبعث في أمتي على اختلاف من الناس وزلازل، فيملأ الأرض قسطا وعدلا، كما ملئت جورا وظلما، يرضى عنه ساكن السماء وساكن الأرض، يقسم المال صحاحا» فقال له رجل: ما صحاحا؟ قال: «بالسوية بين الناس» قال: «ويملأ الله قلوب أمة محمد صلى الله عليه وسلم غنى، ويسعهم عدله، حتى يأمر مناديا فينادي فيقول: من له في مال حاجة؟ فما يقوم من الناس إلا رجل فيقول أنا، فيقول: ائت السدان - يعني الخازن - فقل له: إن المهدي يأمرك أن تعطيني مالا، فيقول له: احث حتى إذا جعله في حجره وأبرزه ندم، فيقول: كنت أجشع أمة محمد نفسا، أو عجز عني ما وسعهم؟ قال: فيرده فلا يقبل منه، فيقال له: إنا لا نأخذ شيئا أعطيناه، فيكون كذلك سبع سنين - أو ثمان سنين، أو تسع سنين». رواه أحمد: (11326) وقال الحافظ الهيثمي في مجمع الزوائد (رقم: 12393) : (رواه أحمد بأسانيد وأبو يعلى باختصار كثير، ورجالهما ثقات). وقال الشيخ الألباني في سلسلة الأحاديث الصحيحة (رقم: 4001) : (رجاله ثقات رجال مسلم، غير العلاء بن بشير، وهو مجهول، كما في «التقريب». لكن قد توبع على بعضه عند الحاكم).

قال الراقم عفا الله عنه: العلاء بن بشير قد وثَّقه ابن حبان، وقد حقَّق الشيخ عوامة : أن توثيق ابن حبان معتبر مثل توثيق غيره من الأئمة، وأن ما اشتهر عنه أنه يوثق المجاهيلَ غير صحيح، بل منهجه في ذلك منهج غيره من المحدثين المتقدمين مثل يحيى بن معين وأبي حاتم الرازي وأبي داود وابن عدي وغيرهم، وهو أنهم يسبرون أحاديث الراوي، ثم يُوثِّقونه إذا لم يجدوا في أحاديثه ما يُستنكر. (راجع: تعليق الشيخ عوامة على «المصنف» لابن أبي شيبة: 1/77 - 101 ط. دار القبلة)

فالحديث لا ينزل عن درجة الحسن إن شاء الله لا سيما عند وجود المتابع والشاهد.

আবু সাইদ খুদরী রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আমি তোমাদের মাহদীর সুসংবাদ দিচ্ছি। মুসলমানদের মাঝে অনৈক্য ও অস্থিরতার সময়ে আল্লাহ তায়ালা তাকে প্রেরণ করবেন। সে জুলুম-অত্যাচারে ভরা দুনিয়াকে আদল-ইনসাফ দ্বারা পূর্ণ করে দিবে। আসমান ও যমিনের অধিবাসী সকলেই তার প্রতি সন্তুষ্ট থাকবে। সে সমভাবে সম্পদ বিলি করবে। (তার সময়কালে) আল্লাহ তায়ালা উম্মতে মুহাম্মদীর অন্তর প্রাচুর্যতায় পূর্ণ করে দিবেন। তার আদল-ইনসাফ সকলের ক্ষেত্রে ব্যাপৃত হবে। এমনকি ঘোষক ঘোষণা করবে, কারো সম্পদের প্রয়োজন আছে কি? তখন একব্যক্তি ব্যতীত কেউ উঠে দাঁড়াবে না। সে বলবে, আমার প্রয়োজন রয়েছে। ঘোষক বলবে, তুমি কোষাধ্যক্ষের কাছে গিয়ে বলো, আমাকে সম্পদ প্রদান করার জন্য মাহদী তোমাকে নির্দেশ দিয়েছে। কোষাধ্যক্ষ বলবে, তুমি হাত ভরে নাও। যখন সে কোষ ভরে সম্পদ নিয়ে তা কোলে রাখবে তখন সে অনুতপ্ত হয়ে বলবে, আমি তো উম্মতে মুহাম্মদীর মধ্যে সবচেয়ে লোভী। তারা যা করলো আমি কেন তা করতে পারলাম না। তখন সে সেই সম্পদ ফিরিয়ে দিতে চাইবে। কিন্তু তা গ্রহণ করা হবে না। বলা হবে, আমরা সম্পদ প্রদান করার পর তা ফেরত নেই না। এমনিভাবে সাত, আট বা নয় বছর অতিবাহিত হবে।" -মুসনাদে আহমদ, ১১৩২৬

হাদিসের মান:- হাফেয নুরুদ্দীন হাইসামী রহ. বলেছেন, হাদিসের বর্ণনাকারীগণ সকলেই নির্ভরযোগ্য। -মাজমাউয যাওয়ায়েদ, ১২৩৯৩

ইমাম মাহদীর শাসনামলে মুসলমানদের প্রাচুর্য ও সমৃদ্ধি

عن أبي سعيد، قال: قال رسول الله صلى الله عليه وسلم: «من خلفائكم خليفة يحثو المال حثيا، لا يعده عددا». صحيح مسلم (2914)۔

তোমাদের খলীফাদের মধ্যে একজন খলীফা এমন হবে, যে হাত ভরে ভরে দান করবে এবং মালের কোন গণনাই করবে না। -সহিহ মুসলিম, ২৯১৪ (৬/৩৯৫ ইফা.)

عن أبي سعيد، وجابر بن عبد الله، قالا: قال رسول الله صلى الله عليه وسلم: «يكون في آخر الزمان خليفة يقسم المال ولا يعده». صحيح مسلم (2914)۔

শেষ যমানায় একজন খলীফা হবে। সে হাত ভরে ভরে সম্পদ বিলি করবে। গণনা করবে না। -সহিহ মুসলিম, ২৯১৪ (৬/৩৯৫ ইফা.)

عن زيد العمي، عن أبي صديق الناجي عن أبي سعيد الخدري، أن النبي صلى الله عليه وسلم قال: «يكون في أمتي المهدي، إن قصر فسبع وإلا فتسع، فتنعم فيه أمتي نعمة لم ينعموا مثلها قط، تؤتى أكلها، ولا تدخر منهم شيئا، والمال يومئذ كدوس، فيقوم الرجل فيقول: يا مهدي أعطني، فيقول: خذ».

رواه ابن ماجه (4083) وأحمد (11163) والترمذي مختصرا (2232) وقال : (هذا حديث حسن، وقد روي من غير وجه عن أبي سعيد عن النبي صلى الله عليه وسلم)

قال الجامع عفا الله عنه: وفي إسناده زيد العمي، وهو ضعيف، ولكن يشهد له ما أخرجه الطبراني في المعجم الأوسط (5406) عن أبي هريرة عن النبي صلى الله عليه وسلم قال: «يكون في أمتي المهدي، إن قصر فسبع وإلا فثمان وإلا فتسع، تنعم أمتي فيها نعمة لم ينعموا مثلها، يرسل السماء عليهم مدرارا، ولا تدخر الأرض شيئا من النبات، والمال كدوس، يقوم الرجل يقول: يا مهدي، أعطني، فيقول: خذ». قال الهيثمي في مجمع الزوائد (رقم: 12411) : (رجاله ثقات).

وقال الشيخ شعيب في تعليقه على سنن أبي داود: (6 : 343 ط. دار الرسالة العالمية) : (زيد العمي ضعيف لكنه متابع) ثم ذكر حديث أبي سعيد المار آنفا عند الحاكم، ثم قال (6 : 344) : (ويشهد للفظ زيد العمي تماما حديث أبي هريرة عند البزار (3326 - كشف الأستار)، والطبراني في الأوسط (5406)، وابن الجوزي في العلل المتناهية (1444) وإسناده حسن)۔

আবু সাইদ খুদরী রাযি. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আমার উম্মাহর মাঝেই মাহদীর আগমন ঘটবে। তিনি কমপক্ষে সাতবছর, অন্যথায় নয় বছর রাজত্ব করবেন। তার আমলে আমার উম্মত এমন সুখ-স্বচ্ছন্দে বসবাস করবে যে সুখ তারা ইতিপূর্বে কখনো ভোগ করেনি। (ভূ-পৃষ্ঠের হাল এই হবে যে) তা সব ধরনের ফলমূল উৎপন্ন করবে। কিছুই আটকে রাখবে না। ধন-সম্পদ স্তুপকৃত করা থাকবে। লোকে দাঁড়িয়ে বলবে, হে মাহদী! আমাকে দিন। মাহদী বলবেন, (যত ইচ্ছা) নিয়ে যাও।" -সুনানে ইবনে মাজাহ, ৪০৮৩ (৩/৫৮১ ইফা.) মুসনাদে আহমদ, ১১১৬৩ জামে' তিরমিযি, ২২৩২

হাদিসের মান:- এই হাদিসটির একজন রাবী 'যায়েদ আলআ'মা' যয়ীফ, তবে মু'জামে তবরানী ও অন্যান্য গ্রন্থে আবু হুরাইরা রাযি. এর সূত্রে বর্ণিত একই অর্থবহ আরেকটি হাদিস রয়েছে। হাফেয নুরুদ্দীন হাইসামী ও শায়েখ শুয়াইব আরনাউত সেই হাদিসটির সনদকে নির্ভরযোগ্য বলেছেন। তাই সেই হাদিসের সাথে মিলে আমাদের আলোচ্য হাদিসটি হাসান পর্যায়ে উন্নীত হয়। সম্ভবত এ কারণেই ইমাম তিরমিযি রহ. হাদিসটিকে হাসান বলেছেন।

-দেখুন, জামে তিরমিযি, ২২৩২ মাজমাউয যাওয়ায়েদ, হাফেয হাইসামী, ১২৪১১ সুনানে আবু দাউদের টীকা, শায়েখ শুয়াইব আরনাউত, ৬/৩৪৩

ইমাম মাহদীর নেতৃত্বে মুসলমানদের তৃতীয় বিশ্বযুদ্ধে বিজয়

عن حسان بن عطية، قال: مال مكحول وابن أبي زكريا إلى خالد بن معدان، وملت معهم، فحدثنا عن جبير بن نفير عن الهدنة قال:قال جبير: انطلق بنا إلى ذي مخبر -أو قال: ذي مخمر، الشك من أبي داود- رجل من أصحاب النبي - صلى الله عليه وسلم -، فأتيناه، فسأله جبير عن الهدنة، فقال: سمعت رسول الله - صلى الله عليه وسلم - يقول: "ستصالحون الروم صلحا آمنا، فتغزون أنتم وهم عدوا من ورائكم، فتنصرون وتغنمون وتسلمون، ثم ترجعون حتى تنزلوا بمرج ذي تلول، فيرفع رجل من أهل النصرانية الصليب فيقول: غلب الصليب، فيغضب رجل من المسلمين فيدقه، فعند ذلك تغدر الروم وتجمع للملحمة (رواه أبو داود، 4292) وقال الشيخ شعيب في تعليقه على سنن أبي داود : (6 : 351) : (إسناده صحيح) وزاد في رواية أحمد: (16826) : (فيأتونكم في ثمانين غاية، مع كل غاية عشرة) وقال الشيخ شعيب في تعليقه على مسند أحمد: (حديث صحيح)۔

وفي حديث طويل عن عوف بن مالك الأشجعي عند البخاري (3176) : (ثم تكون بينكم وبين بني الأصفر هدنة، فيغدرون بكم، فيسيرون إليكم في ثمانين غاية، تحت كل غاية اثنا عشر ألفا)۔

হাসসান বিন আতিয়্যাহ রহ. বলেন, মাকহুল ও ইবনে আবু যাকারিয়া খালিদ বিন মা'দানের নিকট যান। আমিও তাদের সাথী হই। খালেদ আমাদেরকে জুবায়ের বিন নুফায়েরের সূত্রে সন্ধির ব্যাপারে হাদিস বর্ণনা করেন। (খালেদ বলেন) জুবায়ের (আমাকে উদ্দেশ্য করে) বলেন, তুমি আমাদেরকে নবীজির সাহাবী যু-মিখমারের কাছে নিয়ে চলো। তখন আমরা তার নিকট উপস্থিত হই এবং জুবায়ের তার নিকট সন্ধির ব্যাপারে জিজ্ঞাসা করেন। তখন তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এরূপ বলতে শুনেছি, অচিরেই তোমরা রোমকদের সাথে শান্তিপূর্ণ সন্ধি করবে এবং তোমরা ও তারা সম্মিলিত হয়ে অপর এক শত্রুর বিরুদ্ধে যুদ্ধ করবে। তোমরা সে যুদ্ধে বিজয়ী হবে, গণীমত লাভ করবে এবং নিরাপদে ফিরে এসে একটি টিলাবিশিষ্ট সবুজ-শ্যামল প্রসস্থ ভূমিতে অবতরণ করবে। তখন এক খৃষ্টান ক্রুশ উত্তোলন করে বলবে, ক্রুশ বিজয়ী হয়েছে! এতে এক মুসলিম ক্ষীপ্ত হয়ে ক্রুশ ভেঙ্গে ফেলবে। তখন খৃষ্টানরা গাদ্দারী করবে এবং বিশ্বযুদ্ধের জন্য প্রস্তুতি নিবে। -সুনানে আবু দাউদ, ৪২৯২

সহিহ বুখারীতে আওফ বিন মালেক রাযি. এর সূত্রে বর্ণিত এক দীর্ঘ হাদিসে এসেছে, "অতপর তোমাদের মাঝে এবং রোমান (খৃষ্টানদের) মাঝে যুদ্ধ বিরতির চুক্তি সম্পাদিত হবে। কিন্তু তারা বিশ্বাসঘাতকতা করবে এবং আশিটি পতাকা উত্তোলন করে তোমাদের মোকাবিলায় আসবে, প্রত্যেক পতাকাতলে বার হাজার সৈন্য থাকবে।" -সহিহ বুখারী, ৩১৭৬

নোট:- এ হাদিসদ্বয়ে তৃতীয় বিশ্বযুদ্ধের প্রেক্ষাপট ও তাতে কাফেরদের সৈন্যবাহিনীর সংখ্যা বর্ণনা করা হয়েছে, (১২০০০ ৮০ = ৯৬০০০০ নয় লাখ ষাট হাজার অর্থাৎ প্রায় এক মিলিয়ন) তবে এ যুদ্ধে কারা বিজয়ী হবে সে ব্যাপারে কিছু বলা হয়নি। তবে আমরা সবাই জানি, সে যুদ্ধে বিজয় মুসলমানদেরই পদচুম্বন করবে। পরবর্তী হাদিসে বিষয়টি

সুস্পষ্টরূপে বর্ণিত হয়েছে।

عن أُسَير بن جابر، قال: هاجت ريح حمراء بالكوفة، فجاء رجل ليس له هجيرى إلا: يا عبد الله بن مسعود جاءت الساعة، قال: فقعد وكان متكئا، فقال: إن الساعة لا تقوم، حتى لا يقسم ميراث، ولا يفرح بغنيمة، ثم قال: بيده هكذا - ونحاها نحو الشأم - فقال: عدو يجمعون لأهل الإسلام، ويجمع لهم أهل الإسلام، قلت: الروم تعني؟ قال: نعم، وتكون عند ذاكم القتال ردة شديدة، فيشترط المسلمون شرطة للموت لا ترجع إلا غالبة، فيقتتلون حتى يحجز بينهم الليل، فيفيء هؤلاء وهؤلاء، كل غير غالب، وتفنى الشرطة، ثم يشترط المسلمون شرطة للموت، لا ترجع إلا غالبة، فيقتتلون حتى يحجز بينهم الليل، فيفيء هؤلاء وهؤلاء، كل غير غالب، وتفنى الشرطة، ثم يشترط المسلمون شرطة للموت، لا ترجع إلا غالبة، فيقتتلون حتى يمسوا، فيفيء هؤلاء وهؤلاء، كل غير غالب، وتفنى الشرطة، فإذا كان يوم الرابع، نهد إليهم بقية أهل الإسلام، فيجعل الله الدبرة عليهم، فيقتلون مقتلة - إما قال لا يرى مثلها، وإما قال لم ير مثلها - حتى إن الطائر ليمر بجنباتهم، فما يخلفهم حتى يخر ميتا، فيتعاد بنو الأب، كانوا مائة، فلا يجدونه بقي منهم إلا الرجل الواحد، فبأي غنيمة يفرح؟ أو أي ميراث يقاسم، فبينما هم كذلك إذ سمعوا ببأس، هو أكبر من ذلك، فجاءهم الصريخ، إن الدجال قد خلفهم في ذراريهم، فيرفضون ما في أيديهم، ويقبلون، فيبعثون عشرة فوارس طليعة، قال رسول الله صلى الله عليه وسلم: «إني لأعرف أسماءهم وأسماء آبائهم، وألوان خيولهم، هم خير فوارس على ظهر الأرض يومئذ - أو من خير فوارس على ظهر الأرض يومئذ -». صحيح مسلم: (2899)-

